Times Today BD

মো. তাহসিন হাসান | দেশজুড়ে | 08 July, 2025

কক্সবাজারের হিমছড়ি সৈকতে গোসলে নেমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থী স্রোতের টানে ভেসে যাওয়ার ঘটনা ঘটেছে।মঙ্গলবার (৮ জুলাই) এঘটনা ঘটে।

নিখোঁজ শিক্ষার্থীদের মধ্যে একজনের মরদেহ উদ্ধার করা হলেও এখনো অরিত্র হাসান ও আসিফ আহমেদ নামের দুইজনের সন্ধান মেলেনি।

উদ্ধার হওয়া মৃত শিক্ষার্থীর নাম কে. এম. সাদমান রহমান সাবাব।

তিনি এবং তার বন্ধুরা গত দুইদিন আগে ভ্রমণের উদ্দেশ্যে কক্সবাজারে এসেছিলেন।তারা পাঁচজনই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী।

স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার ভোর ছয়টার দিকে হিমছড়ি সৈকতে গোসলে নামে পাঁচ বন্ধু।একপর্যায়ে স্রোতের টানে সবাই ভেসে যেতে থাকলে দুইজন কোনরকমে প্রাণে ফিরে আসতে সক্ষম হয়।বাকী তিনজন গভীর স্রোতে তলিয়ে যায়।

পরে ফায়ার সার্ভিস, টুরিস্ট পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনীর যৌথ উদ্ধার অভিযানে একজনের মরদেহ উদ্ধার করা হয়।মৃতদেহটি কক্সবাজার সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এদিকে ঘটনার প্রায় ৪-৫ ঘণ্টা পরেও নিখোঁজ থাকা অরিত্র হাসান ও আসিফ আহমেদ-কে এখনো পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি।তাদের উদ্ধারে এখনও অভিযান চালিয়ে যাচ্ছেন টুরিস্ট পুলিশ, ফায়ার সার্ভিস এবং অন্যান্য সংশ্লিষ্ট উদ্ধার কর্মীরা।

টুরিস্ট পুলিশের কক্সবাজার রিজিওনের অতিরিক্ত ডিআইজি মো. আপেল মাহমুদ জানান, “একজনের মরদেহ উদ্ধার করা হয়েছে।বাকি দুই শিক্ষার্থী নিখোঁজ রয়েছে।তাদের উদ্ধারে আমাদের উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে।”

ঘটনাটি জানাজানি হলে স্থানীয়দের মাঝে শোক ও উদ্বেগ ছড়িয়ে পড়ে।

হিমছড়ি সৈকত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নিখোঁজ শিক্ষার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 01:36

URL: https://timestodaybd.com/across-the-country/7758074455